

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি # ৭/৭এ, ব্লক # এইচ-১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

বিজ্ঞপ্তি নং বিজিএ/এসি/২০২৩/২৬৯

২৫ নভেম্বর' ২০২৩

সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয়ঃ বিজিএমইএ'র সম্মানিত সদস্যগণের করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) গ্রহণ ও আয়কর রিটার্ন দাখিলসহ অন্যান্য আইনগত বাধ্যবাধকতা পরিপালন নিশ্চিতকরণ প্রসংগে।


সূত্রঃ নথি নং- পিএসআর যাচাইকরণ টাক্ষফোর্স/কংআঃ-৮/২০২৩-২০২৪/১৯৮ তারিখঃ ২৫/১০/২০২৩ ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। উল্লেখ্য, বিজিএমইএ'র সকল সদস্যদের করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) থাকা ও রিটার্ন দাখিলের আইনগত বাধ্যবাধকতা রয়েছে এবং প্রত্যেক সদস্যের সদস্যপদ গ্রহণ ও নবায়নকালে রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return) বিজিএমইএ'র নিকট দাখিল করতে হবে মর্মে অতিরিক্ত কর কমিশনার পরিদর্শী রেজ-১, কর অধ্যল-৮, ঢাকা সূত্রোক্ত পত্র জারী করছে।

এতদউদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যার্থে উক্ত পত্রটি সংযুক্ত করা হলো।

সংযুক্তি : ৪ বর্ণনামতে।

ধন্যবাদাত্তে,


১৫/১১/২০২৩

মোঃ ফয়জুর রহমান

মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত কর কমিশনারের কার্যালয়
পরিদর্শী রেজ-১, কর অঞ্চল-৮, ঢাকা
১২/১, বিজয়নগর (আতু-তরিক টাওয়ার ৪ষ্ঠ তলা), ঢাকা-১০০০।

নথি নং- পিএসআর যাচাইকরণ টাঙ্কফোর্স/কঃঅঃ-৮/২০২৩-২০২৪/ ১২/১

তারিখঃ ২৫/১০/২০২৩ইং।

সভাপতি/মুখ্য কর্মকর্তা

Bangladesh Garment Manufacturers and Exporters' Association (BGMEA)
BGMEA Complex, House # 7/7A,
Sector #17, Block # H-1,Uttara,Dhaka-1230

বিষয়ঃ আপনার সংগঠন ও সংগঠনের সম্মানিত সদস্যগণের করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) গ্রহণ ও আয়কর রিটার্ন দাখিলসহ অন্যান্য আইনগত বাধ্যবাধকতা পরিপালন নিশ্চিতকরণ প্রসংগে।

সূত্রঃ (১) কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল এর নথি নম্বর- জরীপ টাঙ্কফোর্স/২০২২-২০২৩/২৮৮, তারিখঃ ০৫/১০/২০২৩।
(২) কর কমিশনার, কর অঞ্চল-৮, ঢাকা এর নথি নং- ১পরি-২১/রিটার্ন/টেক্ড পেশাজীবী/২০২৩-২০২৪/৯৫০, তারিখঃ ১৭/১০/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।


জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর অনুবিভাগ অভ্যন্তরীণ উৎস হতে রাজস্ব আহরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কৃপকল্প ২০৪১ এর বাস্তবায়ন, বৈদেশিক সাহায্যের উপর নির্ভরতা হ্রাস এবং আত্মরাহিদাশীল ও আত্মনির্ভর অর্থনৈতির দেশ গড়তে অভ্যন্তরীণ উৎস হতে পর্যাপ্ত রাজস্ব আহরণ এবং করভিত্তি সম্প্রসারণের কোনো বিকল্প নেই। “আমরা স্বাবলম্বী হবো, সকলে কর দিবো” এই মৌগানকে ধারণ করে জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর অনুবিভাগ অভ্যন্তরীণ উৎস হতে রাজস্ব আহরণ ও করভিত্তি সম্প্রসারণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বিগত ২২ জুন, ২০২৩ তারিখে মহান জাতীয় সংসদের ২৩ তম অধিবেশনে মাতৃভাষা বাংলায় আয়কর আইন, ২০২৩ পাশ ও কার্যকর হয়েছে। করভিত্তি সম্প্রসারণের লক্ষ্যে এই আইনে ৪৩টি ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return) দাখিলের বিধান করা হয়েছে। উক্ত বিধান অনুযায়ী আপনার সংগঠন ও এর সকল সদস্যদের করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) থাকা ও রিটার্ন দাখিলের আইনগত বাধ্যবাধকতা রয়েছে এবং সংগঠনের প্রত্যেক সদস্যের সদস্যপদ গ্রহণ ও নবায়নকালে রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return) গ্রহণ সংগঠনের নিকট দাখিল করতে হবে।

এমতাবস্থায়, আপনার সংগঠন এবং আপনার সংগঠনের সকল সদস্যদের করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) গ্রহণ ও আয়কর রিটার্ন দাখিলসহ অন্যান্য আইনগত বাধ্যবাধকতা পরিপালন নিশ্চিতকরণতঃ প্রত্যেক সদস্যের রিটার্ন দাখিলের প্রমাণক সংরক্ষণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য, যেসকল ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণ সংরক্ষণ বাধ্যতামূলক সেসকল ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি রিটার্ন দাখিলের প্রমাণ সংরক্ষণ নিশ্চিত করবেন। অন্যথায় উক্ত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির উপর অনধিক ১০ (দশ) লক্ষ টাকার জরিমানা আরোপ করা যাবে।

জাতীয় রাজস্ব আহরণে আপনার অবদানের জন্য আন্তরিক ধন্যবাদ।


১২/১০/২০২৬

(অঙ্গন কুমার সাহা)
অতিরিক্ত কর কমিশনার
পরিদর্শী রেজ-১

ও

আহরায়ক, পিএসআর যাচাইকরণ টাঙ্কফোর্স
কর অঞ্চল-৮, ঢাকা
ফোন নম্বর: +৮৮০২৪১০৫২৭১৭